



তারিখ: ২৯/০১/১৮

সংবাদ বিজ্ঞপ্তি

‘৪ঠা ফেব্রুয়ারি বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের দুই সহস্রাধিক কলেজ অধ্যক্ষদের উদ্দেশ্যে মাননীয় প্রধানমন্ত্রী দিক-নির্দেশণামূলক বক্তব্য রাখবেন’

-উপাচার্য ড. হারুন-অর-রশিদ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপস্থিতিতে আগামী ৪ঠা ফেব্রুয়ারি ২০১৮, রোববার সকাল ১০:০০ টায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহের অধ্যক্ষদের নিয়ে ১ম শিক্ষা সমাবেশ অনুষ্ঠিত হবে। মাননীয় উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদ, প্রো-উপাচার্য প্রফেসর ড. মোঃ মশিউর রহমান ও কোষাধ্যক্ষ অধ্যাপক নোমান উর রশীদ-কে সঙ্গে নিয়ে আজ (২৯/০১/১৮) সকালে প্রধানমন্ত্রীর কার্যালয়ে উপস্থিত হয়ে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে আমন্ত্রণপত্রটি তুলে দেন। অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী বিশ্ববিদ্যালয়ের ১১ টি নতুন স্থাপনা ও প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন ও উদ্বোধন ঘোষণা করবেন।

একইদিন বিকেল ৩ টায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের গাজীপুরস্থ একাডেমিক ভবনের সিনেট হলে বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহের শিক্ষার মানোন্নয়নে বাংলাদেশ সরকার ও বিশ্বব্যাংকের অর্থায়নে বাস্তবায়নাধীন কলেজ এডুকেশন ডেভেলপমেন্ট প্রজেক্ট (CEDP)-এর আওতায় ইংরেজি, ব্যবস্থাপনা, পদার্থবিজ্ঞান ও সমাজকর্ম বিষয়ে ২য় ব্যাচের শিক্ষক প্রশিক্ষণ কার্যক্রমের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে জাতীয় বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. হারুন-অর-রশিদ বলেন, ‘৪ঠা ফেব্রুয়ারি বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত জাতীয় বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে দুই সহস্রাধিক কলেজ অধ্যক্ষদের উপস্থিতিতে শিক্ষা সমাবেশে মাননীয় প্রধানমন্ত্রী দিক-নির্দেশণামূলক বক্তব্য রাখবেন।’

ইংরেজি, পদার্থ বিজ্ঞান, ব্যবস্থাপনা ও সমাজকর্ম বিষয়ের মোট ১৪১ জন কলেজ প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণ করেন।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর কেন্দ্রের ডিন প্রফেসর ড. মোঃ আনোয়ার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রশিক্ষণ সমাপনী অনুষ্ঠানে প্রো-উপাচার্য প্রফেসর ড. মোঃ মশিউর রহমান, কোষাধ্যক্ষ অধ্যাপক নোমান উর রশীদ, ইংরেজি বিষয়ের কোর্স উপদেষ্টা ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. তাজিম আজিজ চৌধুরী, ব্যবস্থাপনা বিষয়ের কোর্স উপদেষ্টা ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. শাকের আহমেদ, পদার্থ বিজ্ঞান বিষয়ের কোর্স উপদেষ্টা বাংলাদেশ জার্মান বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মেজবাহ উদ্দিন আহমেদ ও সমাজকর্ম বিষয়ের কোর্স উপদেষ্টা অধ্যাপক ড.মোঃ আবুল হোসেন বক্তব্য রাখেন।



জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর, বাংলাদেশ
ওয়েবসাইট: www.nu.edu.bd

পরিচালকের কার্যালয়
জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর
ফোন : ০২ ৯২৯১০৩৬, ফ্যাক্স: ০২ ৯২৯১০৫০
mail: pr@nu.edu.bd



(মোঃ ফয়জুল করিম)
পরিচালক (ভারপ্রাপ্ত)
জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর
জাতীয় বিশ্ববিদ্যালয়